



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়  
শ্রম অধিদপ্তর  
সালিশী শাখা



শ্রম অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২১ এর ফিডব্যাক সভার কার্যবিবরণী।

সভাপতি	আবদুল লতিফ খান এনডিসি মহাপরিচালক
সভার তারিখ	১১/৩/২০২১ খ্রিঃ
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	শ্রম অধিদপ্তরের সভাকক্ষ (লেভেল-০৩)
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা (কপি সংযুক্ত)

সভাপতি শ্রম অধিদপ্তর ও এর অধীনস্থ দপ্তরসমূহের নৈতিকতা কমিটির ফোকাল পয়েন্ট কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। শ্রম অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) বলেন, রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ কার্যাবলী সম্পাদনে সুশাসন ও জবাবদিহিতা প্রতিষ্ঠায় শুদ্ধাচার চর্চা একটি অপরিহার্য কৌশল। এ কৌশল বাস্তবায়নে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত মন্ত্রণালয়/বিভাগের নির্দেশিকা অনুযায়ী আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের চূড়ান্ত কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক হতে হবে। তিনি শ্রম অধিদপ্তরের আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি ২য় কোয়ার্টার(অক্টোবর-ডিসেম্বর, ২০২০-২১) এর প্রতিবেদন সম্পর্কে আলোচনা করেন। উক্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, দু' একটি ক্ষেত্র ব্যতীত ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। এ বিষয়ে সভায় সন্তোষ প্রকাশ করা হয় এবং সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ২০২০-২১ অর্থবছরের ২য় কোয়ার্টারের কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করেন। সভায় মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা অনুযায়ী আঞ্চলিক/মাঠ পর্যায়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ অর্থবছরের কোয়ার্টার ভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে প্রমানকসহ শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়ে প্রেরণ এবং স্ব-স্ব ওয়েবসাইটে প্রকাশের জন্য সকলকে নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া স্ব-স্ব ওয়েবসাইট হালনাগাদকরণসহ সিটিজেন চার্টার বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করা হয়। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ

- ১) আগামী ১৫/৪/২০২১ তারিখের মধ্যে ৩য় ত্রৈমাসিক প্রতিবেদন শ্রম অধিদপ্তর, প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- ২) আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের সংশ্লিষ্ট সকলকে ওয়েবসাইট সেবাবক্সসমূহ হালনাগাদ করতে হবে এবং শুদ্ধাচার সেবাবক্সে নিম্নলিখিত বিষয়গুলি অবশ্যই আপলোড করতে হবে-
  - ক। আঞ্চলিক/মাঠ পর্যায়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা।
  - খ। প্রতি কোয়ার্টারের ত্রৈমাসিক/মূল্যায়ন প্রতিবেদন।
  - গ। নৈতিকতা কমিটি
  - ঘ। ফোকালপয়েন্ট ও বিকল্প ফোকালপয়েন্ট কর্মকর্তার নাম
  - ঙ। সভা ও কার্যবিবরণী

চ। আইন/বিধি/নীতিমালা/পরিপত্র/প্রজ্ঞাপন

৩) আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এর লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে মনোযোগী হতে হবে। যেসব ক্ষেত্রে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি তা কোয়ার্টার সমাপ্তির পূর্বেই অর্জনের পদক্ষেপ গ্রহন করতে হবে।

পরিশেষে সভাপতি কর্তৃক ফিডব্যাক সভার সুপারিশের আলোকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২০২১ এবং সিটিজেন চার্টার বাস্তবায়নে অত্র অধিদপ্তরের আওতাধীন দপ্তরসমূহের দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করতঃ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আবদুল লতিফ খান এনডিসি  
মহাপরিচালক

তারিখ: ৪ চৈত্র ১৪২৭  
১৮ মার্চ ২০২১

স্মারক নম্বর: ৪০.০২.০০০০.০৩৬.৯৯.০৩১.১৩.১৫৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) যুগ্মসচিব (সমন্বয় ও আদালত), সমন্বয় ও আদালত অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
- ২) পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, ঢাকা / চট্টগ্রাম / নারায়নগঞ্জ / রাজশাহী / খুলনা।
- ৩) পরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টঙ্গী, গাজীপুর।
- ৪) উপ পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
- ৫) উপ পরিচালক, শিল্প সম্পর্ক শিক্ষায়তন, চট্টগ্রাম / রাজশাহী / খুলনা।
- ৬) উপ পরিচালক, আঞ্চলিক শ্রম দপ্তর ফরিদপুর / ময়মনসিংহ / কুমিল্লা / রংপুর / বগুড়া / দিনাজপুর / বরিশাল / কুষ্টিয়া / সিলেট।
- ৭) সিনিয়র মেডিকেল অফিসার, শ্রম কল্যাণ কেন্দ্র, তেজগাঁও, ঢাকা / শ্রীমঙ্গল, মৌলভীবাজার / বোলশহর, নাসিরাবাদ, চট্টগ্রাম / কালুরঘাট, চট্টগ্রাম / চাষাড়া, নারায়নগঞ্জ / বন্দর, নারায়নগঞ্জ / টঙ্গী, গাজীপুর / সাঁটিরপাড়া, নরসিংদি / ঘোড়াশাল, পলাশ, নরসিংদি / খালিশপু
- ৮) মেডিকেল অফিসার, শ্রম কল্যাণ কেন্দ্র, আশুগঞ্জ / সরিষাবাড়ী / চাঁদপুর / চৌমহনী / রূপসা / মংলা / কুষ্টিয়া / বরিশাল / সপুра / সিরাজগঞ্জ / বগুড়া / গাইবান্ধা / সৈয়দপুর / লালমনিরহাট / ঘাগড়া / চন্ডিছড়া / সমশেরনগর / পাত্রখোলা / ফুসকুড়ী / লোহাইউনি / কাপনাপাহাড় /
- ৯) সহকারী পরিচালক, তথ্য প্রযুক্তি ও উন্নয়ন সেল, শ্রম অধিদপ্তর (শ্রম অধিদপ্তরের শুদ্ধাচার বাতায়নে আপলোড করার জন্য অনুরোধ করা হ'ল)

মোঃ বেলাল হোসেন শেখ  
পরিচালক (প্রশাসন)